

শেয়ার মূল্য সংবেদনশীল তথ্য

ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ কর্তৃক ২০১৪ সালের নগদ লভ্যাংশ সুপারিশ এবং ২৩তম (তেইশতম)-বার্ষিক সাধারণ সভার সময়-সূচী ঘোষনা :

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ বুধবার ২৫শে ফেব্রুয়ারী ২০১৫ ইং তারিখ বিকেল ২.৩০ থেকে ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী গ্রহন ও চূড়ান্তভাবে বিবেচনা করেছেন যা আসন্ন ২৩তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এছাড়া পরিচালনা পর্ষদ উক্ত সভায় ৩১শে ডিসেম্বর ২০১৪ ইং অর্থ বছরের জন্য নিম্নলিখিত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেনঃ

* নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) : ২০% (বিশ শতাংশ)

ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ ২৩তম (তেইশতম) বার্ষিক সাধারণ সভার জন্য নিম্নলিখিত কর্মসূচী ঘোষনা করেছেনঃ

১. ২৩তম (তেইশতম) বার্ষিক সাধারণ সভার সময়-সূচী:

দিন ও তারিখ : মঙ্গলবার, ৩১ শে মার্চ ২০১৫

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

স্থান : ইউনিক ট্রেড সেন্টার (ইউটিসি), কনভেনশন হল (লেভেল-৫), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

২. রেকর্ড ডেট : বুধবার, ১১ই মার্চ ২০১৫

৩. লভ্যাংশ গ্রহনের শর্তাবলী: রেকর্ড ডেট (১১ মার্চ ২০১৫) অনুযায়ী যে সমস্ত শেয়ারহোল্ডারগণের নাম ইবিএল এর শেয়ার রেজিস্ট্রারে এবং/অথবা ডিপোজিটরিভে লিপিবদ্ধ থাকবে তাঁরাই ঘোষনাকৃত নগদ লভ্যাংশ প্রাপ্তি এবং উপরোক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বিবেচিত হবেন।

৪. বিএসইসির নোটিফিকেশন তারিখ ১ জুন ২০০৯ অনুযায়ী ইবিএল এর পরিচালনা পর্ষদ নিম্নলিখিত তথ্য ঘোষনা করেন :

২০১৪ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের তথ্যঃ

বিবরণী	ইবিএল (টাকা)	ইবিএল কনসোলিডেটেড (টাকা)
নেট এ্যাসেট ভ্যালু (এন এ ভি)	২,০০৮.৬৯ কোটি	২,০২৩.৪৫ কোটি
নেট এ্যাসেট ভ্যালু পার শেয়ার	৩২.৮৭	৩৩.১১
আরনিং পার শেয়ার (ই পি এস)	৩.৪৫	৩.৫০
নেট অপারেটিং ক্যাশফ্লো পার শেয়ার	(১৮.৪০)	(২০.৩৯)

বিএসইসি ডাইরেক্টিভস নং SEC/SRMID/2000-85/2248/PRA-02/1 তারিখ ডিসেম্বর ১৯, ২০০০ এবং SEC/CMRRC/2009-193/Admin/03-31 তারিখ ১ জুন ২০০৯, অনুযায়ী উল্লেখিত তথ্য প্রদান করা হয়েছে।

তারিখঃ ঢাকা,

২৫শে ফেব্রুয়ারী ২০১৫



সাক্ষিয়ার রহমান, এফসিএস
এসইডিপি এড কোম্পানী সচিব

বিঃদ্র:

১. কোন প্রকার গিফট/ গিফট কুপন/ফুড বক্স ইত্যাদি আসন্ন ২৩তম বার্ষিক সাধারণ সভায় প্রদান করা হবেনা, বাংলাদেশ সিকিউরিটিজ এড এক্সচেঞ্জ কমিশন এর সার্কুলার নং SEC/CMRRC/2009-193/154 তারিখ ২৪ অক্টোবর ২০১৩ অনুযায়ী।

২. সম্মানিত শেয়ারহোল্ডারগণকে তাদের বিও অ্যাকাউন্ট আগামী ১০ইং মার্চ তারিখের মধ্যে ১২ অংকের আয়কর সনাক্তকরণ সংখ্যা (ই-টিন), ডিপোজিটরি পার্টিসিপেন্ট (ডি পি) এর মাধ্যমে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হচ্ছে, অন্যথায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৪ নং অনুচ্ছেদ অনুযায়ী তাঁদের প্রাপ্য লভ্যাংশ থেকে ১০% এর পরিবর্তে ১৫% আয়কর কর্তন করা হবে।